Book I Deed no 3943/92 A.D.S.R. Sonarpur. Sale.

00Rs.

H.C. R.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10Rs.

1991

5.15

1.00

1.00

6.50

2/85

A.D.R.R.

22-5-92

Deed no 3943/92

Stamp Rs- 2000/-

" " 2000/-

Total Rs. 4000/-

13976

P. K. ROY (Advocate)
Alipore Court,

Rs. 10-00 PAISA ONLY
LICENSED STAMP VENDOR
9 INDIA EXCHANGE PLACE

1 6 APRIL 1992

1 6 MAY 1992

(I)+(II) ... 4-90
(a)+(b) ... 7-15
... 10-00
... 1-00
... 10-00
... 4-50

35-80

1991/20 5/92

21/5/94


Addl. District Sub-Registrar
Sonarpur, 24—Parganas, (S)

# PORTION OF LAND IN R. S. DAG No. 78.
## AT MOUJA- ELACHI. J. L. No. 70, UNDER- RAJPUR- MUNICIPALITY. P. S. SONAR PUR. DIST. 24 PARGs. (Sn.)
**SCALE 20'=1" INCH.**

REFE:- SHOWING THE LAND FOR SALE. SHOWN IN RED BORDER. :-

Certified to be a true Compared Copy of the plan attached to original Deed No 3943 of 19 91 A.D.S.R.O. ... 24 Pgs(S)

Addl. District Sub-Registra. Sonarpur, 24 Parganas (S)




COMPARED/TRACED BY, 20/5/92

Kanak Baran Mahata, Plan Maker
Addl. District Sub Registry Office
Sonarpur, 24 Parganas (S) W. B

18. 4. 90.

(RH)

DEED 3943/92
18/5/92

Sd/ [illegible]
18/5/92

Addl. District Sub-Registrar
Sonarpur, 24 Parganas (S)

4027 I-3943 2000




থানা - সোনারপুর।

মৌজা :- এনাটি ।

জমি :- ৫ কাঠা ৫ ছটাক ৩৫ বর্গফুট ।

৪০,০০০.০০ চল্লিশ হাজার টাকা মূল্যের-

নি:স্বত্ব সাফ্ বিক্রয় কোবালা ।।

Admissible under rule 21,
... of I. R. Ac... 1908,
23 ... A-24291
... 4=50
Addl. District Sub-Registrar
18/5/92

কোবালা গ্রহীতা :—

শ্রী অসিত কুমার রায়, পিতা শ্রী রাধিকারঞ্জন রায় ।

জাতি হিন্দু, পেশা চাকুরি । সাং ১২।১, মহেন্দ্র রায় লেন-

থানা - বেনিয়াপুকুর, কলিকাতা ৪৬ ।।

********************

51-4000
23
40000
18/5/92

SOUTH 24-PARGANAS ★ STAMP DEPT. ALIPORE ★

Sl. No. 2650(2)

Sold to Srimati Rita Ray

of 18/1, Mahendra Roy Lane, Calcutta

Rs 2000/- Dated 15-5-92

Stamp Clerk
South 24-Parganas
Alipore

2650(2) 15.5.92

Presented for Registration at 11-12 A.M. / P.M. on the 18th day of May 1992 at the Addl. Dist. Sub-Registry Office by Ratna Chowdhury

Executant / Claimant.

Addl. District Sub-Registrar, Behala, 24—Parganas. (S)
18/5/92

Execution is admitted by

Ratna Chowdhury
W/o. Arun Kr. Chowdhury
of 515, Raja Subodh Chandra Mallick Road
Cal - 84
Hindu
H/wife.

Identified by.

রত্না চৌধুরী

রত্না চৌধুরী

S/o. Elachi
of Elachi

Addl. District Sub-Registrar, Behala, 24—Parganas. (S)
18/5/92

2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES



কোবালা দাতাঃ—

শ্রীমতী রত্না চৌধুরী, স্বামী শ্রী অরুন কুমার চৌধুরী।
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী। সাং পি - ৫১৫, রাজা —
সুবোধ চন্দ্র মল্লিক রোড, থানা যাদবপুর, কলিকাতা ৮৪ ॥

**************************************************************************

কস্য আমার খরিদা রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের-
সর্ব্বপ্রকার হস্তান্তর যোগ্যের জমি জমা যায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত-
সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ পরিস্কার অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্রমিদং-
কার্য্যাঞ্চাগে :——

SOUTH 24-PARGANAS ★ STAMP DEPARTMENT, ALIPORE ★

Sl. No. 2650(2)

Sold to Sri/Smt. Mr./Mrs. Deil K. Ray

of 12/1, Mahim Ray Lane, Calcutta

Rs. 2000/- Dated 15.5.92

15/5/92

Stamp Clerk.
South 24-Parganas
Alipore

1 N.J. — Rs. 2000/-
1 " — 2000/-

Addl. District. Sub-Registrar,
Behala, 24—Parganas. (S)

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যা:ডি: সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন পরগনা মাগুরা, মৌজা এলাচি গ্রামে অবস্থিত রাজপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনা(দ:) কালেকটার বাহাদুর অধীনে জে:এল:নং ৭০, হাল ১৪২, ৮০৭, ৮০৮, ৮০৯, ৮১০, ও ৮১১ নং খতিয়ানের অধীন ৭৮ নং দাগে •২৭ শতক ডাঙ্গা-জমির মধ্যে আমার খরিদা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত এবং অত্র সহ নকসায়-লাল রং দ্বারা সীমারেখা পরিবেষ্টিত মাপসুরত ৫ পাঁচ কাঠা ৫ পাঁচ ছটাক ৩৫ -- পঁয়ত্রিশ বর্গফুট পরিমিত খাস দখলিয় ডাঙ্গা জমি জমা অত্র কোবালার দ্বারা - বিক্রীত সম্পত্তি হইতেছে।

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত ৭৮ নং দাগের জমি বিগত - রিভিসন্যাল জরিপে ১৪২, ৮০৭, ৮০৮, ৮০৯, ৮১০ ও ৮১১ নং খতিয়ানে জীতেন্দ্র-নাথ মণ্ডল, খগেন্দ্র নাথ মন্ডল, উপেন্দ্র নাথ মণ্ডল, সোনাতন মণ্ডল ও হীরালাল-মণ্ডল এই পাঁচভ্রাতার নাম উল্লেখে রেকর্ডভুক্ত হয়। অত:পর উক্ত পাঁচভ্রাতা - একযোগে বিগত ইংরাজী ৯।৩।১৯৬২ সাল তারিখে, বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে-রেজিস্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ২৩, পাতা ২৬৭ হইতে ২৭২ নং পাতায় লিপিবদ্ধ ১৮৫৭ নং দলিল দ্বারা ১৩ $\frac{১}{২}$ শতক জমি জমা ২৮নং গড়িয়াহাট রোড্ - সাউথ, থানা যাদবপুর নিবাসী দেবপ্রসাদ ঘোষের স্ত্রী শ্রীমতী উজ্জ্বলা ঘোষকে- বিক্রয় করিয়া নি:স্বত্ব হন।অত:পর উক্ত শ্রীমতী উজ্জ্বলা ঘোষ অর্থের অভাবে বিগত-ইংরাজী ২৭।৬।১৯৬৮ সাল তারিখে আলিপুর ডি: রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত - বুক নং ১, ভল্যুম নং ৮০, পাতা ১৮৮ হইতে ১৯৫ নং পাতায় লিপিবদ্ধ ৭৪৯৬ নং-দলিল দ্বারা জনৈক রঘুনাথ মুখার্জী মহাশয়কে বিক্রয় করিয়া নি:স্বত্ব ও বেদখলীকার হন। উক্ত রঘুনাথ মুখার্জী খরিদ সূত্রে উক্ত জমি জমাতে খাসে ভোগ দখলীকার-থাকাকালে এক স্ত্রী গীতা মুখার্জী ও দুই পুত্র শ্রী পিনাকী মুখার্জী ও সম্ভু মুখার্জীকে ওয়ারিশ রাখিয়া ইং ২৩।৯।১৯৭৯ তারিখে পরলোক গমন করিলে তাহার পরিত্যক্ত-- সম্পত্তি আদি উল্লেখিত গীতা মুখার্জী, পিনাকী মুখার্জী ও সম্ভু মুখার্জী ওয়ারিশান -



প্রাপ্ত হইয়া একযোগে খাসে ভোগ দখলীকার থাকাবস্থায় অর্থের অভাবে বিক্রয়-করিবার ঘোষনা করিলে বৈষ্ণবঘাটা নিবাসী শ্রী কুমুদ বিশ্বাসের পত্নী শ্রীমতী-আরতি বিশ্বাস বিগত ইংরাজী ৯।১২।১৯৮১ সাল তারিখে আলিপুর ডি: রেজিষ্ট্রী-অফিসে রেজিষ্ট্রীকৃত ১৩২৭৩ নং এককেতা খরিদা দলিল দ্বারা খরিদ করিয়া খাসে ভোগ দখলীকার থাকাবস্থায় তাহার খরিদা উক্ত ১৩ $\frac{১}{২}$ শতক বা ৮ কাঠা জমি জমা বিগত ইংরাজী ১৯৮৩ সালে আলিপুর ডি: রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ৮৪, পাতা ৭৪ হইতে ৮৩ নং পাতায় লিপিবদ্ধ ২৬৯৬ নং এককেতা - দলিল দ্বারা সাং পি ৫১৫ রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, থানা যাদবপুর কলিকাতা-৮৪ নিবাসী শ্রীমতী বীনা চৌধুরী মহাশয়াকে বিক্রয় করিয়া নি:স্বত্ব ও দখলচ্যুত - হয়েন, উক্তরূপে উল্লেখিত বীনা চৌধুরী উক্ত জমি জমা খরিদ সূত্রে প্রাপ্ত হইয়া - উক্ত জমি জমা হস্তান্তরাদি করিবার জন্য শ্রী অরুন কুমার চৌধুরীকে আমমোক্তার-নিযুক্ত করায় উক্ত অরুন কুমার চৌধুরী উক্ত আমমোক্তার নামার ক্ষমতাবলে উক্ত-জমি জমা বিক্রয় করিতে চাহিলে আমি অত্র কোবালার বিক্রেতা বিগত ইংরাজী—২৩।৫।১৯৯০ সাল তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৭১৬ নং-এককেতা খরিদা দলিল দ্বারা অত্র দলিলের দ্বারা বিক্রীত জমি জমা খরিদ করিয়া - একক ষোল আনা রকম মালিক স্বত্বাধিকারিনী হইয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি-আদায়ে অদ্যাবধি অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলীকার আছি ।

বর্ত্তমানে আমার অন্যত্র সম্পত্তি খরিদ করিবার জন্য ও অন্যান্য - নানাবিধ ন্যায় সংগত বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও — নিম্ন তপশীল বর্ণিত জমি জমা বর্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ্য মূল্য বেনমোক্তা — ৪০,০০০.০০ চল্লিশ হাজার টাকায় বিক্রয় করিবার ঘোষনা করিলে অত্র কোবালার — ক্রেতা আপনি আমার প্রস্তাবিত পন মূল্যে উক্ত সম্পত্তি আদি খরিদ করিতে স্বীকৃত হইলে-আমি অদ্য আপনার নিকট হইতে পনের সাকুল্য ৪০,০০০.০০ চল্লিশ হাজার টাকা গ্রহন-করিয়া অত্র কোবালার দ্বারা উক্ত জমি জমা আপনাকে বিক্রয় করিলাম ও বিক্রীত - - সম্পত্তি আদিতে আপনাকে খাস দখল দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, আপনি -



অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতেআমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম-দখলীকার হইয়া মালিক সরকারে আপনার নিজ নাম পত্তনে ও নিরূপীত খাজনাদি-ও ট্যাক্সাদি আদায়ে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্বপ্রকারের হস্তান্তর ও রূপান্তর — করনের ক্ষমতা পরিচালনে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত-গনক্রমে যথেচ্ছা-ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান - ও স্থলাভিষিক্ত-গনক্রমে কোন প্রকার ওজর আপত্তি বা দাবি, দাওয়া করিতে পারিব- - না বা পারিবেক না। যদি ভবিষ্যতে কস্মিনকালে কোন প্রকার দাবি, দাওয়া করে-বা:করি তাহা সর্ব্বত্র ও সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে।

বিক্রীত সম্পত্তি আদিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল-অধিকার, লভ্য হক্ হকিয়ৎ ছিল ও আছে তৎসমুদয় অদ্য হইতে আমার চিরতরে — রদ ও রহিত হইয়া আপনাতে সম্পূর্ণরূপে বত্তাইল ও অর্শিল ।

আরো প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি বা তাহার কিছু অংশ আমি ইতিপূর্ব্বে কাহাকে দান, বিক্রয়, বন্ধক বা দায়বন্ধ করি নাই বা উহাতে আমার অপর কোন সরিক বা অংশীদার নাই বা কাহাকে বিক্রয় করিবার চুক্তি করি নাই বা গভর্ণমেন্ট কর্ত্তৃক ল্যান্ড এ্যাকুইজিশান, রিকুইজিশান, নিলাম বা ভেষ্ট হয় নাই বা — উহাতে কোন লিগ্যাল প্রসিডিংস দায়ের নাই বা উহাতে কাহার ও কোনরূপ ক্লেম বা-চার্জ্জ নাই বা উহা কোন দেবত্তর বা পীরোত্তরভুক্ত সম্পত্তি নহে । সম্পূর্ণ নির্দায় — নির্দ্দোষ ও পরিস্কার অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরে-নি:স্বত্ব ও বেদখলীকার হইলাম ।

আরো প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে আমার কৃত কোন-দায় ও দোষ থাকা অথবা বিক্রয়যোগ্য স্বত্ব না থাকা প্রকাশ পাইয়া আপনার খরিদা-স্বত্বের কোনরূপ ক্ষতি হইলে তাহা পূরন দিতে ও দখল স্বত্ব বহাল ও বজায় করিয়া - দিতে আমি ওয়ারিশান গনক্রমে সর্ব্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক।



আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের কোন অংশে কোন প্রকার ভুল ত্রুটি - থাকা প্রকাশ পায় তজ্জন্য আমার দ্বারা কোন দলিল বা সংশোধনী দলিলের- আবশ্যক হইলে তাহা ও আমি আপনার খরচায় বিনা পনে সম্পাদন ও রেজিষ্ট্রী- করিয়া দিতে সর্ব্বদা বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে- সুজ্ঞানে স্বেচ্ছায় অত্র দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত হইয়া উপরি লিখিত- সরতে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য থাকিয়া উপরি লিখিত সরতে আমি স্বীকৃত- হইয়া পনের সাকুল্য টাকা গ্রহন করিয়া অত্র কোবালা আপনার নাম বরাবর -- যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ সন ১৩৯৯ সনের- ৪ ঠা জ্যৈষ্ঠ ইংরাজী ১৯৯২ সালের- ১৮ ই মে।

## তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাঃডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন পরগনা মাগুরা, মৌজা এলাচি গ্রামে অবস্থিত রাজপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার- পক্ষে ২৪ পরগনা(দঃ) কালেকটার বাহাদুর অধীনে জেঃএলঃনং ৭০, রে, সা, নং ২২৩, তৌজি নং ৩, ৪, ৫ নং ভুক্ত ।হাল রিভিসন্যাল জরিপের ১৪২ নং খতিয়ানভুক্ত--- ৬৪ শতক জমির বার্ষিক খাজনা ৫•৫০ পয়সা, ৮০৭ নং খতিয়ানভুক্ত একজমায়- ১২ শতক নিষ্কর জমা, ৮০৮ নং খতিয়ানভুক্ত ১১ শতক সামিল নিষ্কর ৭৩৬নং খতিয়ানের ১১ আনা ৩ পাই জমা, ৮০৯ নং খতিয়ানভুক্ত ১১ শতক জমির বার্ষিক খাজনা ১১ আনা ৩ পাই, ৮১০ নং খতিয়ানভুক্ত ৯ শতক জমির মায় সামিল নিষ্ক ৭৩৬ নং খং ১১ আনা ৩ পাই এবং ৮১১ নং খতিয়ানে ১১ শতক জমি সামিল - নিষ্কর ৭৩৬ নং খং ১১ আনা ৩ পাই জমার মধ্যে ৭৮ নং দাগে বিক্রীত - ৫ কা ৫ ছটাক ৩৫ বর্গফুট জমির বার্ষিক হারাহারি খাজনা ৮০ পয়সা জমা ।

